



# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৫৬০

তারিখঃ ১৩/১১/২০১২ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৪৫৪ তম কমিশন সভা অদ্য ১৩/১১/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. প্রিমিয়ার সিমেন্ট মিলস্ লিঃ এর আবেদনের প্রেক্ষিতে কমিশন তাদের প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর চাঁদা গ্রহণের তারিখ ১৮-২২ নভেম্বর ২০১২ইং এর পরিবর্তে ১৭-২৩ ডিসেম্বর ২০১২ইং নির্ধারণের অনুমতি প্রদান করেছে।
২. সভায় ইন্টারন্যাশনাল ইসলামিক রিলিফ অর্গানাইজেশন কর্তৃক সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ এর স্পন্সর হিসাবে ধারণকৃত ১,০৩,২১,৮২৫ টি শেয়ার আদালতের নির্দেশে বিক্রয়ের আদেশে কমিশন সম্মতি প্রদান করেছে। তবে উক্ত শেয়ারগুলি ব্লক মার্কেটে বিক্রয়ের নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
৩. এছাড়াও আজকের সভায় কমিশন সরকারী প্রতিষ্ঠান এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিঃ কে ৫,৯২,২৪,৭০০ টি সাধারণ শেয়ার (প্রতিটি ১০ টাকা মূল্যমানের) ইস্যুর মাধ্যমে ৫৯,২২,৪৭,০০০ টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) অনুমোদন প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানীটির পরিশোধিত মূলধন ৪১.৭০ কোটি টাকা থেকে ১০০.৯২ কোটি টাকায় উন্নীত হবে। উল্লেখ্য যে, এই শেয়ার সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নামে ইস্যু করা হবে।

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র